

তোমাকে না লেখা চিঠিটা লিরিক্স:-

তোমাকে না লেখা চিঠিটা  
ডাকবাক্সের এক কোণে,  
সাদা খামের না লেখা নাম  
এঁকেছে তার গানে। (x2)

সেই চিঠি যত লেখা  
থাকে একা একা,  
সেই গানের না শোনা সুর  
একা একা আঁকা,  
ছুঁয়ে যায় তবু কখন এসে..

যদি বলি সে সবই তোমারই  
একা চিঠি একা একা গান,  
যদি বলি সে সবই তোমারই  
একা চিঠি একা একা গান,  
সাঁইয়া, সাঁইয়া, সাঁইয়া, সাঁইয়া...  
সাঁইয়া, সাঁইয়া, সাঁইয়া, সাঁইয়া...

আমি আমিতে ভাসিনি কোনোদিনও নীলে  
তুমি তোমার দু'চোখে সেই নীল ছুঁলে,  
আমি আমিতে ভাসিনি কোনোদিন নীলে  
তুমি তোমার দু'চোখে সেই নীল ছুঁলে,  
আজও আমার সারাটা নীল  
থাকে একা একা,  
সেই চিঠি না পড়া সুর  
আঁকা, একা একা  
ছুঁয়ে যায় তবু কখন এসে..

যদি বলি সে সবই তোমারই  
দু'চোখে ভেসে যাওয়া নীল আমার,  
যদি বলি সে সবই তোমারই  
দু'চোখে ভেসে যাওয়া নীল আমার,  
সাঁইয়া, সাঁইয়া, সাঁইয়া, সাঁইয়া...  
সাঁইয়া, সাঁইয়া, সাঁইয়া, সাঁইয়া...

তোমার সাথে খেলার ছলে  
তোমার কথায় ছিলাম ভুলে,  
তোমার সাথে খেলার ছলে  
তোমার কথায় ছিলাম ভুলে,  
সেই খেলা নিয়ে  
ছিলাম হারিয়ে গিয়ে,  
সেই খেলা নিয়ে  
ছিলাম হারিয়ে গিয়ে।  
আজ খেলা শেষে এ শহরে  
হারিয়ে ফেলে খুঁজি তোমায়,  
আজ এতো আলোর এ আঁধারে  
এ মন তোমাকেই ছুঁতে চায়,  
সাঁইয়া, সাঁইয়া, সাঁইয়া ...  
সাঁইয়া, সাঁইয়া, সাঁইয়া, সাঁইয়া...

তুমি ছিলে তোমার সাথে  
একলা চাঁদে একলা রাতে,  
তুমি ছিলে তোমার সাথে  
একলা চাঁদে একলা রাতে,  
আমি আমায় নিয়ে  
ছিলাম হারিয়ে গিয়ে,  
আমি আমায় নিয়ে  
ছিলাম হারিয়ে গিয়ে।  
আজ একা একা এ শহরে  
হারিয়ে ফেলে খুঁজি তোমায়,  
আজ এতো আলোর এ আঁধারে  
এ মন তোমাকেই পেতে চায়,  
সাঁইয়া, সাঁইয়া, সাঁইয়া, সাঁইয়া...  
সাঁইয়া, সাঁইয়া, সাঁইয়া, সাঁইয়া...